# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও উমরা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বিকলাঙ্গ হওয়া দরুন অথবা অন্য কোন কারণে যদি কোন পুরুষ ইহরামের কাপড় পড়তে না পারে, তাহলে কি যে কাপড় পরে আছে, সেই কাপড়েই হজ্জ উমরাহ শুদ্ধ হবে?

হজ্জ উমরাহ হয়ে যাবে। কিন্তু ইহরামের নিষেধ অমান্য করার দরুন তাকে তিনটির মধ্যে একটি করতে হবে; মক্কায় একটি ছাগল বা ভেড়া কুরবানী দিতে হবে অথবা ছয়টি মিসকীন খাওয়াতে হবে অথবা তিনটি রোযা রাখতে হবে। মহান আল্লাহ বলেছেন, “যে পর্যন্ত কুরবানীর (পশু) তাঁর যবেহস্থলে উপস্থিত না হয়, তোমরা মস্তক মুণ্ডন করো না (হালাল হয়ো না)। অতএব তোমাদের মধ্যে কেউ পীড়িত হলে, অথবা মাথায় কোন ব্যাধি থাকলে (এবং তাঁর জন্য মস্তক মুণ্ডন করতে হলে, তাঁর পরিবর্তে) সে রোযা রাখবে কিংবা সাদকাহ করবে, কিংবা কুরবানী দ্বারা তাঁর ফিদইয়া(বিনিময়) দেবে।” (বাকারাহঃ ১৯৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=334

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন